



নিয়োগ বিজ্ঞপ্তি-অসামরিক ফরাসী দোভাষী

১। বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে নিয়োজিত বাংলাদেশ সেনাবাহিনীর কন্টিনজেন্টের সাথে কাজ করার নিমিত্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে ০১ (এক) বৎসর অথবা সর্বোচ্চ মিশন শেষ হওয়া পর্যন্ত প্রয়োজনীয় সংখ্যক দোভাষী (ফরাসী ভাষা) নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ) নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক। স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় অথবা ভাষা ইনষ্টিটিউট হতে ফরাসী ভাষায় ন্যূনপক্ষে ডিপ্লোমা (A-2) কোর্স পাশসহ কমপক্ষে স্নাতক অথবা সমমানের যোগ্যতা সম্পন্ন হতে হবে। উল্লেখ্য, B-1 কোর্স সম্পন্ন ও উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ফরাসী ভাষায় পারদর্শী এবং দোভাষী হিসেবে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

খ। ফরাসী হতে ইংরেজী, ইংরেজী হতে ফরাসী, বাংলা হতে ফরাসী ও ফরাসী হতে বাংলা ভাষায় বাক্য বিনিময় ও অনুবাদসহ ইংরেজী ও ফরাসী ভাষায় লেখা এবং অনর্গল কথা বলতে হতে হবে। এছাড়াও কম্পিউটার বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান থাকতে হবে।

গ। বয়স ২৪ হতে ৪৫ বৎসরের মধ্যে হতে হবে। বিজ্ঞপ্তি অনুযায়ী ২০ মার্চ ২০১৯ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৪৫ বছর সীমার মধ্যে থাকতে হবে। বয়সের ক্ষেত্রে কোন অ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঘ। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নিয়োজিত বাংলাদেশী কন্টিনজেন্টের সাথে মাঠ পর্যায়ে কাজ করার জন্য শারীরিকভাবে যোগ্য ও সুঠাম দেহের অধিকারী এবং সম্মিলিত সামরিক হাসপাতাল হতে মিশনের প্রয়োজনানুযায়ী নির্ধারিত ডাক্তারী পরীক্ষায় যোগ্য হতে হবে। যে সকল প্রার্থী ইতোপূর্বে ০৩ বছর মেয়াদকাল দোভাষী হিসেবে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নিয়োজিত ছিলেন ও দোভাষী হিসেবে কর্মরত থাকাকালীন অনিচ্ছুক সনদপত্র প্রদান করেছেন তারা আবেদন করতে পারবেন না। প্রার্থীগণকে নির্বাচিত হওয়ার পর পুলিশ ভেরিফিকেশনে যোগ্য হতে হবে এবং যে কোন সময় মিশন এলাকায় মোতায়েন হতে বাধ্য থাকবে। উল্লেখ্য, মিশন শেষে বাংলাদেশে প্রত্যাবর্তন করার পর অস্থায়ী নিয়োগ হতে অব্যাহতি দেয়া হবে এবং তারপর হতে আর কোন ভাতা ও সুযোগ সুবিধা প্রাপ্ত হবেন না।

ঙ। সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্ব-শাসিত ইত্যাদি প্রতিষ্ঠানে চাকুরীরত যোগ্য প্রার্থীদেরকে সকল শর্তাবলী অনুসরণ পূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত প্রেরণ করতে হবে।

চ। বেতন ও সুবিধাদি। মিশনে নিয়োজিত সেনাবাহিনীর ক্যাপ্টেন পদবীর ভাতার অনুরূপ যা সরকারী সিদ্ধান্ত অনুযায়ী প্রাপ্য হবে। বর্তমানে প্রাপ্য ভাতা প্রতিমাসে ২৫৩২ (দুই হাজার পাঁচশত বত্রিশ) মার্কিন ডলার যা ইউএন/বাংলাদেশ সরকার কর্তৃক পরিবর্তন যোগ্য। খাদ্য, বাসস্থান, চিকিৎসা, যানবাহন ও সামরিক পোষাক বিনামূল্যে প্রাপ্য হবেন।

২। আগ্রহী প্রার্থীগণ নিজ নাম, পিতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, মোবাইল নম্বর এবং সমস্ত শিক্ষাগত যোগ্যতার বিবরণ উল্লেখ পূর্বক দরখাস্তের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট ছবি, জাতীয়তা সনদপত্র, সমস্ত শিক্ষাগত যোগ্যতার ও সকল অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করে 'AHQ, OO Dte Pte Fund' এর অনকুলে ৫০০/- টাকার অফেরৎ যোগ্য ব্যাংক ড্রাফটসহ আগামী ১০ মার্চ ২০১৯ তারিখের মধ্যে সেনাসদর, জিএস শাখা (ওভারসীজ অপারেশনস্ পরিদপ্তর), ঢাকা সেনানিবাসে ডাকযোগে/স্বহস্তে প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ অন্য যে কোন প্রসংগে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। আবেদনকারী প্রার্থীগণকে আগামী ১৯ মার্চ ২০১৯ তারিখ সকাল ০৮৩০ ঘটিকায় ডাক্তারী পরীক্ষায় অংশগ্রহণের জন্য সিএমএইচ, ঢাকা সেনানিবাসে উপস্থিত থাকতে হবে এবং ডাক্তারী পরীক্ষায় যোগ্য প্রার্থীগণ আগামী ২০ মার্চ ২০১৯ তারিখ সকাল ০৯০০ ঘটিকায় সেনাকুঞ্জ, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করবে।

জিএসও-২, মবিলাইজেশন এন্ড ডিমবিলাইজেন

জেনারেল স্টাফ শাখা, ওভারসীজ অপারেশনস্ পরিদপ্তর

সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস